দৈনিক ইনকিলাব

তারিখ 05 DEC 1987
পৃষ্ঠা 4 কলাম 1

019

# উপজেলা পরিক্রমা

## কালিয়া

নড়াইল, ৪ ডিসেম্বর (সংবাদদাতা)।— নড়াইল জেলার নবগংগা নদীর তীরে মনোরম পরিবেশে অবস্থিত কালিয়া উপজেলা শহর। বৃটিশ-ভারতের এক সমৃদ্ধশালী মর্যাদাসম্পন্ন স্থান হিসেবে পরিচিত কালিয়া উপজেলা। বিশ্বনন্দিত বহু খ্যাতিমান ব্যক্তিত্বের জন্মভূমি হিসেবে সুপরিচিত কালিয়া উপজেলা। ১শ' ২৫ বর্গমাইল আয়তন বিশিষ্ট এ উপজেলায় ১টি পৌরসভা, ১২টি ইউনিয়ন, ১৯৯টি গ্রাম। লোক সংখ্যা ২ লাখ ৬ হাজার ২শ' ৩৩ জন। এর মধ্যে পুরুষ ১ লাখ ৪ হাজার ৮শ' ১৫ জন। মহিলা ১ লাখ ১, হাজার ৪শ' ১৮ জন।

### কৃষি ব্যবস্থা

এ উপজেলায় মোট আবাদী জমির পরিমাণ ৫৮ হাজার ৫৫৫ একর। এর মধ্যে একফসলী জমির পরিমাণ ৪০৫০০ একর, দু'ফসলী জমি ১৪০০০ একর, তিন ফসলী জমির ৩৪০০ একর। ফসলাধীন জমির পরিমাণ ২৮৭২০ একর, পতিত জমি ২৬৫৫ একর এবং খাস জমির পরিমাণ ১২৫ একর। শতকরা ৭৫ জন লোক কৃষিজীবী। বছরে প্রায় ৩০/৩৫ লাখ মণ ধান এখানে উৎপন্ন হয়।

এ ছাড়াও গম, আলু, মরিচ, চিনাবাদাম ও পান উৎপন্ন হয়।

### যোগাযোগ ব্যবস্থা

উপজেলার রাস্তার পরিমাণ মোট ১৯২ মাইল। পাকা রাস্তা ৬১/২ মাইল। হেরিং বোনবণ্ড রাস্তা ৭ মাইল, আধ-পাকা রাস্তা ৫ মাইল, কাঁচা রাস্তা ১৭৪ মাইল। নদীপথের পরিমাণ ৯৮ মাইল। এখান থেকে জেলা সদরের দূরত্ব স্থলপথে ১৫ মাইল, জলপথে ২৭ মাইল। স্থলপথে বাস, ভ্যান এবং জলপথে লঞ্চ, নৌকা এলাকাবাসীর ভরসা।

### শিক্ষা ব্যবস্থা

এখানে শিক্ষিতের হার শতকরা ২৩ ভাগ। ২টি কলেজ, ১৬টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ৩টি নিম্নমাধ্যমিক, ৮৯টি সরকারী ও ১৫টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় আছে। ২টি সরকারী মঞ্জুরীকৃত মাদ্রাসা, ৩১টি এবতেদায়ী মাদ্রাসা ও ১টি এতিমখানা আছে।

### চিকিৎসা ব্যবস্থা

এখানে ৩১ শয্যা বিশিষ্ট ১টি হাসপাতাল, ২টি পরিবার কল্যাণ কেন্দ্র, ১টি দাতব্য চিকিৎসালয় আছে। হাসপাতালটিতে এ্যাম্বুলেন্স, এক্স-রে মেশিনসহ জীবন রক্ষাকারী কোন ওষুধপত্রের ব্যবস্থা একেবারেই নেই। এখানে কোন রকমে টিকে আছে একটি পশু হাসপাতাল।

### অন্যান্য

এখানে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের ১০টি শাখা রয়েছে। ১টি পাবলিক লাইব্রেরী, ১টি সিনেমা হল, ২টি ডাকবাংলা, ২৭টি পোষ্ট অফিস, ১টি টাউন হল, ১০টি তহসিল অফিস, ১৩৮৩টি নলকূপ, ৩টি খাদ্য গুদাম ও ১টি সার গুদাম, ২১৩টি সমবায় সমিতি, ১৬৪টি কৃষক সমিতি, ৫টি মহিলা সমিতি, ৭টি ভিজিএফ গুদাম, ২৬০টি মসজিদ, ৮১টি মন্দির, ৮টি বিদ্যুতায়িত গ্রাম ও ২৫টি জলমহল আছে।